

# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

## অফিস আদেশ

স্মারক নং: উবি-০৬/২০০৭-২১১৩০

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: সনদ, নম্বরপত্র ও প্রশংসাপত্র উত্তোলনের সময়সীমা ও নিয়মাবলী প্রসঙ্গে।

বিদ্যালয় হতে বোর্ডের বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণকে সনদ, নম্বরপত্র ও প্রশংসাপত্র উত্তোলনের ক্ষেত্রে নিম্নেবর্ণিত নিয়মাবলী মেনে চলার জন্য বলা হলো:

- ১। প্রতি কর্মদিবসে শুধু দুপুর ১২:০০ টা থেকে ১:০০ টা পর্যন্ত সনদ, নম্বরপত্র ও প্রশংসাপত্র বিতরণ করা হবে।
- ২। উক্ত কাগজগুলো উত্তোলনের সময় অবশ্যই সংশ্লিষ্ট পরীক্ষার মূল প্রবেশপত্র সাথে থাকতে হবে। তবে কারো মূল প্রবেশপত্র তার অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানে জমা দেয়া থাকলে লিখিত আবেদনপত্র নিয়ে আসতে হবে এবং উক্ত আবেদনপত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ প্রবেশপত্রের ফটোকপি থাকতে হবে।
- ৩। শুধু প্রশংসাপত্র গ্রহণের ক্ষেত্রে বিদ্যালয়ের নির্ধারিত পেমেন্ট রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখায় ১০০/- (একশত টাকা মাত্র) ফি জমা দিয়ে আসতে হবে।
- ৪। মূল প্রবেশপত্র হারিয়ে গেলে বিদ্যালয়ের অধ্যক্ষ বরাবর আবেদনের সাথে জিডি কপিসহ বোর্ডের আবেদন কপি সংযুক্ত করে আনতে হবে।
- ৫। পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি সকল ক্ষেত্রে শিক্ষার্থীকে নিজেই আসতে হবে। কোনো কারণে শিক্ষার্থী আসতে না পারলে এবং জরুরী প্রয়োজন হলে শিক্ষার্থীর পিতা বা মাতা আসতে পারবেন। সেক্ষেত্রে শিক্ষার্থীর মূল প্রবেশপত্রের পাশাপাশি পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।
- ৬। নাম সংশোধনের ক্ষেত্রে প্রশংসাপত্র গ্রহণের পর পরবর্তীতে দ্বিতীয় বার নাম সংশোধিত প্রশংসাপত্র সংগ্রহের সময় পুনরায় বিদ্যালয়ের নির্ধারিত পেমেন্ট রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখায় ১০০/- (একশত টাকা মাত্র) ফি জমা দিয়ে আসতে হবে।

স্বাক্ষরিত/

মুহাম্মদ আরিফুর রহমান

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

স্মারক নং: উবি-০৬/২০০৭-২১১৩০

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ১। ওয়েবসাইট ([www.udayan.edu.bd](http://www.udayan.edu.bd))
- ২। নোটিস বোর্ড
- ৩। সমন্বয়কারীবৃন্দ (১) (২) (৩) (৪) (৫)
- ৪। প্রশাসনিক কর্মকর্তা
- ৫। নিরাপত্তা প্রহরীবৃন্দ